R. N. No. 2532/57 Phone No. 66-228, STD 03483 Regd. No.—WB/MSD—4

আলমারী, চেয়ার এবং যাবতীয় ষ্টীল সরঞ্জাম বিক্রেতা
বি কে
ষ্টীল ফার্ণিচার
অনুমোদিত বিক্রেতা ঃ ষ্টিলকো
রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
Jangipur Sambad, Raghunathganj, Murshidabad (W. B)
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )
প্রথম প্রকাশ ঃ ১৯১৪

জঙ্গীপুর আরবান কো-অপঃ
ক্রেডিট সোসাইটি লিঃ
রেজি নং—১২ / ১৯৯৬-৯৭
( মুর্শিদাবাদ জেলা সেন্ট্রাল
কো-অপারেটিভ ব্যাংক
অনুমোদিত )
ফোন ঃ ৬৬৫৬০
রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ

৮৫শ বর্ষ
৩২শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ১৪ই পৌষ, বুধবার, ১৪০৫ সাল।
৩০শে ডিসেম্বর, ১৯৯৮ সাল।
নগদ মূল্য : ১ টাকা
বার্ষিক ৪০ টাকা

## চরম বিশৃঙ্খলা ও অব্যবস্থার মধ্য দিয়ে শুরু হল হাজারদুয়ারী উৎসব '৯৮

বিশেষ প্রতিনিধি : বিরাট আয়োজন করে সাংবাদিক সম্মেলন থেকে ঢাক-ঢোল পিটিয়ে বেতার, টি. ভি, সংবাদপত্র, ফেষ্টুন-পোষ্টার, মুর্শিদাবাদ জেলার শহরগুলিতে মাইকের মাধ্যমে প্রচার করে এবং এই জেলার পৌরপিতা থেকে বড় বড় আমলাদের উৎসব কমিটির অন্তর্ভুক্ত করে শুরু হল হাজারদুয়ারী উৎসব '৯৮। মন্ত্রী মানব বন্দ্যোপাধ্যায় ও আনিসুর রহমান গত ২৪ ডিসেম্বর এই মেলার উদ্বোধন করেন। কিন্তু শুরুতেই যে বিশৃঙ্খলা ও অব্যবস্থা দেখা গেল তাতে যথেষ্ট সন্দেহ থাকছে এই উদ্দেশ্য ও পরিকল্পনা কতখানি সুষ্ঠুভাবে বাস্তবায়িত হবে। উদ্বোধন অনুষ্ঠানের অভিজ্ঞতার কথা আমাদের প্রতিনিধির কাছে জানান রঘুনাথগঞ্জ রবিমঞ্চ সংস্থার কর্ণধার দেবাশিস বন্দ্যোপাধ্যায়। তিনি জানান 'রবিমঞ্চ' সংস্থাকে এই উদ্বোধনী অনুষ্ঠানে দু'খানি উদ্বোধনী সংগীত ও পরে ঐ দিনই মঞ্চে আরো ( ২য় পৃষ্ঠায় )

## বিরোধীশূন্য সভায় রঘুনাথগঞ্জ জল প্রকল্পকে কার্যত অনুমোদন করিয়ে নিলেন সুচতুর পুরপতি

বিশেষ প্রতিবেদক ঃ গত ২৯ ডিসেম্বর জঙ্গিপুর পুরসভায় এক নাগরিক কনভেনশন ডেকে বিরোধীশূন্য সভায় রঘুনাথগঞ্জে আপাততঃ গভীর নলকূপ প্রকল্পকে কার্যত অনুমোদন করিয়ে নিলেন সিপিএমের ধুরন্ধর রাজনৈতিক নেতা তথা জঙ্গিপুর পুরসভার পুরপতি মৃগাঙ্ক ভট্টাচার্য্য। সঙ্গে নিপুণ কারিগরী ব্যাখ্যা দিয়ে পুরপতিকে বৈতরণী পার করে দিলেন জঙ্গিপুর মহকুমার দায়িত্বে থাকা জনস্বাস্থ্য ও কারিগরী দপ্তরের এ্যাসিষ্ট্যান্ট ইঞ্জিনীয়ার অজয় কুণ্ডু। সভায় বিরোধী দলের প্রতিনিধি বলতে কংগ্রেস, বিজেপি বা তৃণমূল কংগ্রেস কেউই ছিল না। যদিও জঙ্গিপুর পুরসভার রঘুনাথগঞ্জ পারে ৮টি ওয়ার্ডের মধ্যে ২টি কংগ্রেসের, ২টি সিপিএমের ও ১টি এস ইউ সি আই ছাড়া বাকী তিনটির মধ্যে ( ৪র্থ পৃষ্ঠায় )

## তিন লক্ষ টাকার বিদেশী গ্যাস সিলিণ্ডার আটক হলেও কাষ্টমস্ তিন পাচারকারীকেই ছেড়ে দিল

নিজস্ব সংবাদদাতা ঃ ধুলিয়ান মায়া টকীজের কাছে গঙ্গা নদীর উপর গত ১০ ডিসেম্বর নির্মিতা বি. এস, এফ ফ্রিজে ব্যবহৃত ৬০টি গ্যাস ভর্তি সিলিণ্ডার আটক করে। ওগুলো বাংলাদেশ থেকে নদী পথে ধুলিয়ানে আসছিল। এখান থেকে কলকাতাসহ বিভিন্ন বড় বড় শহরে পাচার হয়। বাংলাদেশ থেকে নৌকা পথে আসা ইলেকট্রনিক্স সামগ্রী, সিগারেট, তেল, সাবান, বিভিন্ন বস্ত্রাদি ধুলিয়ান খোলা বাজারে স্বাভাবিকভাবেই বিক্রী হয়। স্থানীয় কাষ্টমস্ সব কিছু দেখেও না দেখার ভান করে থাকে। ঘটনার দিন গ্যাস সিলিণ্ডার পাচারকারী ধৃত তিনজনকে নাকি কোন জিজ্ঞাসাবাদ না করেই কাষ্টমস্ রহস্যজনকভাবে ছেড়ে দেয়। আটক করা গ্যাস সিলিণ্ডারগুলোর মূল্য প্রায় তিন লক্ষ টাকা। কাষ্টমস্ অফিসের কাজকর্ম ধুলিয়ানের মানুষ ভালো চোখে দেখছেন না। তাঁদের সন্দেহ— বাংলাদেশ ( শেষ পৃষ্ঠায় )

## শিশু অপহরণকারী দল ধরা পড়লো

নিজস্ব সংবাদদাতা : গত ২৫ ডিসেম্বর বেলা ১টা নাগাদ রঘুনাথগঞ্জ ২ ব্লকের সম্মতিনগর বাজার এলাকা থেকে সুনিয়া সুলতানা নামে সাত বছরের এক শিশু কন্যাকে অপহরণ করা হয়। সুনিয়ার বাবা আমিন সেখ ঐ দিনই রঘুনাথগঞ্জ থানায় তাঁর মেয়ে অপহরণের অভিযোগ আনেন। ঐ দিন বেলা ৪টা নাগাদ সুনিয়ার কাকা গোলাব হোসেনের কাছে ফোন আসে ১ লক্ষ ২০ হাজার টাকা নিয়ে কর্ণসুবর্ণ ( ২য় পৃষ্ঠায় )

## সিপিএমের কোন নির্দেশ না থাকায় সাগরদীঘি পঞ্চায়েতে সব কাজ বন্ধ

নিজস্ব সংবাদদাতা ঃ সাগরদীঘি গ্রাম পঞ্চায়েতে পঞ্চায়েত সমিতির সদস্য নিয়ে কংগ্রেস ১৩ এবং সিপিএম ১২। কিন্তু কংগ্রেসের তপসিলী মহিলা সদস্যা নির্বাচিত না হওয়ায় সিপিএমের অন্নপূর্ণা মণ্ডল প্রধান হন। বর্তমানে অন্নপূর্ণা মণ্ডলের বিরুদ্ধে অভিযোগ তিনি এলাকার কোন উন্নয়নমূলক কাজই করছেন না। অন্যদিকে অন্নপূর্ণার বক্তব্য—পার্টির কোন নির্দেশ না আসায় আমি ব্যাঙ্ক থেকে টাকা তুলতে (শেষ পৃষ্ঠায়)

## সুবর্ণ জয়ন্তী ভবনের উদ্বোধন করলেন জেলা পুলিশ প্রশাসক

নিজস্ব সংবাদদাতা ঃ গত ২৪ ডিসেম্বর মুর্শিদাবাদের পুলিশ প্রশাসক সোমেন মিত্র মির্জাপুর দ্বিজপদ উচ্চ বিদ্যালয়ের সুবর্ণ জয়ন্তী ভবনের উদ্বোধন করে ব্রিটিশ আমলের ধ্যান ধারণা 'পুলিশের কাজ শুধুমাত্র আইন শৃঙ্খলা রক্ষায় সীমাবদ্ধ' এই সীমা অতিক্রম করে সমাজ সেবায় এগিয়ে আসায় সমস্ত জেলা প্রশাসনের পক্ষে রঘুনাথগঞ্জ থানার অফিসার ইনচার্জ দিলীপকুমার হাজরার ( ২য় পৃষ্ঠায় )

বাজার খুজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পারম্পার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার!
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ৬৬২০৫

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১৪ই পৌষ বুধবার, ১৪০৫ সাল।

## ॥ বারুদের স্তূপ ॥

সংবাদে জানা যাইতেছে যে, কেন্দ্রীয় সরকারের এক টাস্ক ফোর্সের রিপোর্ট অনুযায়ী ভারত-বাংলাদেশ সীমান্ত অঞ্চল প্রকারান্তরে অস্ত্রবাজার হইয়া দাঁড়াইয়াছে। সীমান্ত স্থানগুলিতে অস্ত্রের স্মাগলিং রমরমা আকারে চলিতেছে। তৎসহ ড্রাগ ও জালনোটের কারবার চলিবার কথা শুনা যাইতেছে।

দীর্ঘদিন ধরিয়া উভয় রাষ্ট্রের মধ্যে সীমান্ত এলাকা দিয়া বিবিধ ভোগ্যপণ্য, গবাদি পশুর বেআইনী পাচার চলিবার কথা আমরা এই পত্রিকায় প্রকাশ করিয়াছি। উভয় রাষ্ট্রের সীমান্ত স্থানগুলির বহু মানুষ এই কারবারে লিপ্ত থাকিয়া ধনকুবের বনিয়া গিয়াছে। সীমান্ত রক্ষী বাহিনী থাকা সত্ত্বেও পাচারের কার্যকলাপ অদ্যাপি বন্ধ হয় নাই। উপরন্তু এখন নানা অস্ত্র-শস্ত্র, ড্রাগ ইত্যাদির ক্রয়বিক্রয় অথবা বেআইনী গোপন লেনদেনের কাজ হইতেছে।

প্রকাশিত সংবাদে বলা হইয়াছে যে, এই প্রকার বেআইনী পাচারের সঙ্গে নাকি স্থানীয় কিছু কিছু বি এস এফ অফিসার জড়িত বলিয়া টাস্ক ফোর্সের রিপোর্টে প্রকাশ। এই সব অফিসারদের উপযুক্ত শাস্তির কথা তাহাতে বলা হইয়াছে। স্বরাষ্ট্র মন্ত্রকের খবরে প্রকাশ যে, অস্ত্র-স্মাগলিং-এর সহিত এই রাজ্যের অনেক মাফিয়া জড়িত রহিয়াছে। রাজ্য সরকারকে স্বরাষ্ট্রমন্ত্রক হইতে একাধিকবার এই সংক্রান্ত তথ্য দেওয়া সত্ত্বেও নাকি কোনও ব্যবস্থা গ্রহণ করা হয় নাই। স্বরাষ্ট্রমন্ত্রক মনে করে যে, যে অস্ত্রপাচার-ব্যবস্থা চলিতেছে, তাহাতে নাকি আই এস আই জড়িত আছে। ওই সব অস্ত্রাদি কলিকাতা হইতে ভারতের উত্তর-পূর্বাঞ্চলের নানা স্থানে পাঠাইতে আই এস আই সচেষ্ট। বাংলাদেশের নানা স্থানে জঙ্গী ক্যাম্প তৈয়ারী হইয়াছে। উভয় বাংলার মানুষকে ট্রেনিং দেওয়ার আয়োজন হইয়াছে। ইহার উদ্দেশ্য একটি। ভারতের মধ্যে উগ্রপন্থী ক্রিয়াকলাপ চালান এবং নানা ধ্বংসাত্মক কার্যসাধন ও গুরুত্বপূর্ণ ব্যক্তিত্বদের হত্যা করা।

প্রসঙ্গত ওসামা বিন লাদেন, দাউদ ইব্রাহিম প্রভৃতিদের কথা আসিয়া পড়িতেছে। আই এস আই বহু যুবককে জঙ্গী প্রশিক্ষণ দিতেছে। লাদেন-ইব্রাহিমরা দেশের মাফিয়াদেরকে নানা স্থানে ছড়াইয়া দিয়া ধ্বংসকার্য ও রাজনৈতিক ব্যক্তিত্বদের খতম সাধনের ব্যবস্থা করিতেছে। দেশের বিভিন্ন স্থানে যে সব সাংঘাতিক বিস্ফোরণ ঘটিয়াছে, তাহা ইহাদের দ্বারাই সম্পন্ন হইতেছে। প্রায় মাস দুই পূর্বে দিল্লীতে কেন্দ্রীয় সরকারের উদ্যোগে সারা ভারতের সর্বোচ্চ পুলিশ অফিসারদের লইয়া যে 'ক্রাইম কনফারেন্স' হইয়াছিল, তাহাতে নানা চাঞ্চল্যকর তথ্য জানা গিয়াছে। অনেক অতি পরিচিত রাজনৈতিক ও অরাজনৈতিক ব্যক্তিত্ব তথাকথিত ভারত বিরোধী উগ্রপন্থা-সাধনকারীদের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ রাখেন এবং প্রয়োজন মাফিক নানা কৌশলে মদতদান করেন, তাহা জানা যাইতেছে। এই বিষয়ে কেন্দ্রীয় সরকারের পক্ষ হইতে শ্বেতপত্র প্রকাশিত হইবে বলিয়া জানা গিয়াছে।

ঘরের শত্রু বিভীষণ অর্থাৎ তাবৎ ভারতীয় রাজনৈতিক ও অরাজনৈতিক ব্যক্তিত্বের দল দেশকে ক্রমশ সর্বনাশা বিপর্যয়ের মধ্যে ঠেলিয়া দিতেছে, তাহা বুঝিতে কষ্ট হয় না। আই এস আই আজ দেশের সর্বস্থানে ছড়াইয়া পড়িয়াছে; ভারতকে খণ্ড খণ্ড করিবার চক্রান্ত চালাইতেছে। প্রতিবেশী রাষ্ট্রসমূহ তাহাতে মদত যোগাইতেছে। ভারতীয় নাগরিকদের কেহ কেহ দেশের ক্ষতি ঘটাইয়া স্বার্থসিদ্ধির পথ প্রশস্ত করিতেছে।

একটি সুস্থির কেন্দ্রীয় সরকার না থাকায় এত অপকর্ম সাধিত হইতেছে। রাজনৈতিক হউক, সামাজিক হউক, সর্বস্তরেই ভারত এক বারুদের স্তূপের উপর রহিয়াছে। পরিতাপের কথা এই যে, ভারত বিরোধী ক্রিয়াকলাপ দৃঢ় হস্তে দমণ করা হইতেছে না; গোয়েন্দা দপ্তর সময়মত সঠিক সংবাদ সংগ্রহ করিতে পারিতেছে না। আবার পাওয়া গেলেও উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার কাজে গড়িমসি ভাব চলিতেছে। রাহুমুক্তি কবে ঘটিবে?

**দল ধরা পড়লো** (১ম পৃষ্ঠার পর)

ষ্টেশন এলাকায় এসে সুনিয়াকে নিয়ে যেতে। দু'দিন পর ধলোর গণকর স্বাস্থ্য কেন্দ্রের কাছ থেকে ১ লক্ষ ২০ হাজার টাকা দাবী করে একইভাবে ফোন আসে। পুলিশকে খবর দিলে সুনিয়াকে হত্যার হুমকীও দেয়া হয়। গত ২৮ ডিসেম্বর রঘুনাথগঞ্জ থানার পি এস আই সন্দীপ কুণ্ডু গোপন সূত্রে খবর পেয়ে খড়িবোনায় ফজলু সেখের বাড়ী চড়াও হলে সেখানে বীরু সেখ নামে এক যুবক হাতেনাতে ধরা পড়ে। ফজলু সেখের স্ত্রী সুনিয়াকে নিয়ে পালিয়ে যাবার সময় পুলিশের তাড়া খেয়ে তাকে ফেলে দিয়ে পালিয়ে যায়। বীরু সেখ নাকি সুনিয়াকে লজেন্সের লোভ দেখিয়ে সাইকেলে চাপিয়ে সম্মতিনগর থেকে নিয়ে পালিয়ে যায়। তার কথা মতো পুলিশ খড়িবোনার জহুরুল সেখ ও বাহাদিনগরের ফজলুর রহমানকে গ্রেপ্তার করে। এই ধরনের শিশু অপহরণের ঘটনা শহরেও চাঞ্চল্য আনে।

**হাজারদুয়ারী উৎসব '৯৮** (১ম পৃষ্ঠার পর)

কুড়ি মিনিট সমবেত সঙ্গীত পরিবেশনের জন্য একটি সরকারী চিঠি মারফৎ আমন্ত্রণ জানান জেলা তথ্য ও সাংস্কৃতিক আধিকারিক বহরমপুরে তাঁর দপ্তরে এসে প্রয়োজনীয় কথাবার্তা বলে নেবার জন্য। দেবাশিসবাবু তাঁর দপ্তরে গেলে তিনি সবিস্তারে অনুষ্ঠানের কথা বলেন এবং একটি সরকারী ফর্মে কতজন শিল্পী গাইবেন এবং শিল্পীদের রঘুনাথগঞ্জ থেকে নিয়ে আসার জন্য কোথায় বাস পাঠাতে হবে ইত্যাদি লিখে দিতে বলেন। তাঁর নির্দেশ মতো সব কিছু করা হয়। যথারীতি অনুষ্ঠানের দিন দুপুর পৌনে তিনটেই 'রবিমঞ্চ' শিল্পীদের নিয়ে বাসটি অনুষ্ঠানস্থলে গিয়ে পৌঁছয়। বাস থেকে নেমে কোনো স্বেচ্ছাসেবীদের দেখতে না পেয়ে দেবাশিসবাবু মঞ্চে উঠলে এক কর্মকর্তা জিজ্ঞেস করেন কী ব্যাপার, আপনারা কারা? কোথ থেকে আসছেন এবং কেন? উনি জানান আমরা রঘুনাথগঞ্জ 'রবিমঞ্চ' থেকে আসছি। এখানে সমবেত উদ্বোধনী সংগীত গাইবার জন্য আমন্ত্রিত। ওঁরা বলেন আমরা তো এর কিছুই জানি না। দেবাশিস বিস্ময়ে হতবাক হন। এর মধ্যেই দুই মন্ত্রী এসে উপস্থিত হলেন। রবিমঞ্চের শিল্পীরা মন্ত্রীদের পেছনে দাঁড়িয়ে দু'খানি উদ্বোধনী সংগীত গাইলেন। অনুষ্ঠান শুরু হবার বেশ কিছুক্ষণ পরে ডি. আই. সি. ও মালবিকা গোস্বামীকে মঞ্চে দেখা গেল। তখন মন্ত্রীদের বক্তৃতা শেষ, আমলারা বক্তৃতা দিচ্ছেন। মালবিকা দেবীকে দেখতে পেয়ে দেবাশিসবাবু প্রশ্ন করলেন—কী ব্যাপার, এরকম বিশৃঙ্খলা ও অব্যবস্থা কেন? রিশেপশান বলে কোনো ব্যাপারই এখানে নেই? উত্তরে উনি বলেন—এ সব কিছুর দায়িত্বে আছেন এস. ডি. ও লালবাগ। এ ব্যাপারে আমি কিছুই বলতে পারবো না। তারপর উদ্বোধনী অনুষ্ঠান শেষ হলে মন্ত্রীদের সাথে দুনিয়ার যত আমলা ভিড় করেছিলেন তাঁরাও উধাও হলেন এবং দর্শকরাও যে যার চলে গেলেন। তখন চেয়ার-টেবিল পরিষ্কার করে 'রবিমঞ্চ' কে দ্বিতীয়বার (শেষ পৃষ্ঠায়)

**জেলা পুলিশ প্রশাসক** (১ম পৃষ্ঠার পর)

জন্য গর্ববোধ করেন। অনুষ্ঠানে উপস্থিত জেলা মাধ্যমিক বিদ্যালয় পরিদর্শক অলোককুমার সরকারও শ্রীহাজরার ভূয়সী প্রশংসা করেন। উল্লেক্ষ্য, গত ৪ জানুয়ারী '৯৮ পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষৎ-এর সভাপতি চিত্তরঞ্জন বন্দ্যোপাধ্যায় এই (শেষ পৃষ্ঠায়)

Govt. of West Bengal

**Irrigation & Waterways Directorate**

# Office of the Executive Engineer, Ganga Anti Erosion Divn.

**P. O. Raghunathganj, Dist. Murshidabad**

**List of works of N. I. T. No. 12 under Ganga Anti Erosion Division, during 1998—99.**

Circulated vide this office memo No. 1340 (23) Dated 18. 12. 98. Last date and time of receipt of application for tender paper : 12. 01. 99 upto 15.00 Hours.

Date of Interview and place : from 11.00 hours at Office of the Executive Engineer, Ganga Anti Erosion Division, Raghunathganj, Murshidabad.

Last date & time of issue & delivery of tender papers : 14 01. 99 upto 14.00 hours. Date & time of receipt of tender paper : 15. 1. 99 upto 14.00 hours.

Date & time of opening of tender papers : 15. 1. 99 after 14.00 hours.

Place from where tender papers are to obtained : Office of the Executive Engineer, Ganga Anti Erosion Division (I. & W. D.) Raghunathganj, Murshidabad.

Place where tender papers are to be submitted & opened : do do

| Sl. No. | Name of Work | Amount put to tender. | Earnest money. | Tender form No. | Cost of tender papers. | Time allowed for completion of work. | Eligible Agency | Tender accepting authority. |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1. | 2. | 3. | 4. | 5. | 6. | 7. | 8. | 9. |
| 1. | Construction of a road from the end of Block topped road for a length of 260 M. towards d/s. at Vill. Alaipur Mouza-Hasanpur (Akheriganj in P. S. Bhagawangola, Dist. Msd. under Ganga Anti Erosion Divn. during '98—99 Effecting length=260-00 M. | Rs. 4,33,695/- | Rs. 8671/- | W. B. F. No. 2911 (ii) | Rs. 5-00+ Rs. 80-00 Rs. 85-00 | 20 (twenty) days | Resourceful & bonafide outside contractor having requisite credential for similar type of work | S. E. I. Central (I) Circle |
| 2. | Construction of a road area distance of 260 M d/s. of block topped road to the Mosque at Vill. Alaipur in Mouza-Hasanpur (Akheriganj) in P. S. Bhagawangola, Dist. Msd. under Ganga Anti Erosion Division during '98—99. effective length=300 M. | Rs. 4,34,057/- | Rs. 8681/- | do | do | do | do | do |
| 3. | Construction of a road from a mosque towards d/s. for a length of 350m. M. in Vill. Alaipur at Mouza-Hasanpur (Akheriganj) is P. S. Bhagawangola Dist. Msd. under G. A. E. Divn. During '98—99. Effective length=350 M. | Rs. 4,56,477/- | Exempted | do | do | do | Reserved for un-employed Engrs. Co. Opt. Societies. | do |

(Contd. P. 4)

| Sl. No. | Name of Work | Amount put to tender. | Earnest money. | Tender form No. | Cost of tender papers. | Time allowed for completion of work. | Eligible Agency | Tender accepting authority. |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1. | 2. | 3. | 4. | 5. | 6. | 7. | 8. | 9. |
| 4. | Construction of a road at a distance 350 M. D/S. of a mosque for a length of 350 M. in Vill. Alaipur of Mouza-Hasanpur (Akheriganj) in P. S. Bhagawangola, Dist. Msd. under G. A. E. Divn. during '98—'99. Effective length=350 M. | Rs. 4,44,829/- | do | do | do | do | do | do |

**The following points are binding in case of issue of tender papers :**

1. Applications of any Agency by name or his Firms whose sole proprietor being the same Agency will be treated as single.
2. Applications of different Firm have same owners/partner will also be treated as single application.
3. Mention the names of Firm to which the applicant is a partner/owner.
4. Tender will be informal if N. S. C. s/K. V. Ps. Deposited as Earnest money are not pledged properly in favour of the Executive Engineer, G. A. E. Division.
5. In case of Engineers Co. Opt. Societies certified copy of Audit Report for the year 1997—98 or no objection certificate from the A. R. C. S. Msd. is to be attached with the application duly attested.
6. Ownership of road roller will be given weightage for issuance of tender paper. The agency having no road roller of his own may not be issued tender paper in sufficient applications alongwith requisite certificate of ownership (of road roller) is reserved.

Executive Engineer, Ganga Anti Erosion Division.

**রঘুনাথগঞ্জ জল প্রকল্পকে** ( ১ম পৃষ্ঠার পর )

একটি ফঃ ব্লক, একটি সি পি আই-এর ও একটি সিপিএম সমর্থিত নির্দলের দখলে। তবু সভায় হাজির ফঃ ব্লক কমিশনার, এস ইউ সি দলের সমর্থক, স্থানীয় আইনজীবী আশীষ ঘোষাল বা বিরোধী শূন্য থাকায় স্থানীয় পত্রিকার এক সম্পাদককে গলা মেলাতে হলেও জঙ্গিপুর পারের ১২টির মধ্যে অধিকাংশ ওয়ার্ডে সিপিএম দলের দখলে থাকা নেতা মৃগাঙ্কবাবু একাই সামলে দিলেন বিরুদ্ধ মতাবলম্বীদের। যদিও মৃগাঙ্ককে তাঁর যুক্তিকে অকাট্য প্রমাণ করতে গিয়ে বারেবারেই বলতে হয়েছে—'ওসব ভেক কথা'; 'তুই উত্তেজিত হোস না'; 'আপনি যদি মনে করেন তাই'—ইত্যাদি সব কথা। সভার শেষে সারবস্তু যা দাঁড়িয়েছে সেটা 'জঙ্গিপুর সংবাদে' গত ১১ নভেম্বর সংখ্যায় জল বিষয়ে যে খবর বেরিয়ে ছিল তারই অনুরূপ। অর্থাৎ ভাগীরথীতে সেতু না হওয়া পর্যন্ত রঘুনাথগঞ্জ পারে গভীর নলকূপ বসছে। সরকারী অনুমোদন বা বিবেচনার বিষয় নেহাত সময়ের অপেক্ষা। সভায় বিভিন্ন বক্তা নলকূপের জল কতটা বিশুদ্ধ হবে তাতে সন্দেহ প্রকাশ করলে সে ব্যাপারে সমস্ত সন্দেহের নিরসনের চেষ্টা করেছেন বিভাগীয় ইঞ্জিনীয়ার শ্রীকুণ্ডু। তিনি জানান, রঘুনাথগঞ্জ পারের জলাধারটির উচ্চতা ২০ মিটার, যা ব্রীজ হলে সেই উচ্চতায় পাইপ লাইন নিয়ে এসে জলাধারে জল তুলতে কোনও অসুবিধা হবে না। রঘুনাথগঞ্জ পারে ২/১টি পয়েন্টের ব্যবস্থা করে ওপারের পরিস্রুত জল রঘুনাথগঞ্জে আনা যায় কিনা সে ব্যাপারে আমাদের প্রতিনিধির সঙ্গে এক একান্ত সাক্ষাৎকারে শ্রীকুণ্ডু জানান, পুরসভা সেরকম প্রস্তাব আমাদের কাছে রাখলেও তার চিন্তাভাবনা দপ্তর করছে না। তবে রঘুনাথগঞ্জ পারে নলকূপ বসানোর ব্যাপারে টেণ্ডার ডাকা ও স্থানীয় একটি পত্রিকায় রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুর পারে ঘরে ঘরে জলের সংযোগ দেবার জন্য বিজ্ঞপ্তি জারী করার পর এধরনের কনভেনশন ডাকার অর্থ জানতে চাইলে পুরপতির সঙ্গে নাগরিকরা বিতর্কে জড়িয়ে পড়েন। তবে শ্রীকুণ্ডু জানান, রঘুনাথগঞ্জ—২নং ব্লক আর্সেনিকপ্রবণ এলাকা বলে ঘোষিত হলেও রঘুনাথগঞ্জ—১নং ব্লকে সেরকম কোন খবর এখনও মেলেনি। জঙ্গিপুরে যে মাটির নীচে পরিস্রুত জলাধার আছে তার ক্যাপাসিটি কিছুটা বাড়ালেই ব্রীজ হলে রঘুনাথগঞ্জেও জলসরবরাহ করা যাবে। বর্তমানে রঘুনাথগঞ্জে যে জলপ্রকল্প তিন মাসের মধ্যে চালু করার কথা বলা হচ্ছে তাও আর্সেনিকমুক্ত করেই সরবরাহ করা হবে। তবে শ্রীকুণ্ডুর মতে গভীর নলকূপের জলই সবচেয়ে নিরাপদ এবং তাতে ব্যয়ও কম। অথচ কোটি টাকা ব্যয়ে কেন ( শেষ পৃষ্ঠায় )

Govt. of West Bengal

## Irrigation & Waterways Directorate

# Office of the Executive Engineer, Ganga Anti Erosion Divn.

P. O. Raghunathganj, Dist. Murshidabad

**List of works of N. I. T. No. 11 under Ganga Anti Erosion Division, during 1998–99.**

Circulated vide this office memo No. 1339 (23) Dated 18. 12. 98. Last date and time of receipt of application for tender papers : 21. 1. 99 upto 15.00 hours.

Date of Interview and place : 27. 1. 99 & 28. 1. 99 from 11.00 hours at the Office of the Executive Engineer, Ganga Anti Erosion Division, Raghunathganj, Murshidabad.

Last date & time of issue & delivery of tender papers : 2. 2. 99 upto 14.00 hours. Date & time of receipt of tender papers : 5. 2. 99 upto 14.00 hours.

Date & time of opening of tender papers : 5. 2. 99 after 14.00 hours.

Place from where tender papers are to be obtained : Office of the Executive Engineer, Ganga Anti Erosion Division Raghunathganj, Murshidabad.

Place where tender papers are to be submitted & opened : do do

| Sl. No. | Name of Work | Amount put to tender. | Earnest money. | Tender form No. | Cost of tender papers. | Time allowed for completion of work. | Eligible Agency | Tender accepting authority. |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1. | 2. | 3. | 4. | 5. | 6. | 7. | 8. | 9. |
| 1. | Renovation of bed bar no. 8 at Vill. Maniknagar, mouza Arjunpur, P. S. & Block Farakka, Dist. Msd. under Ganga Anti Erosion Divn. during 1998—99 | Rs. 27,38,903/- | Rs. 20,000/- | W. B. F. No. 2911 (ii) | Rs. 5-00 + 105/- = Rs. 110-00 | 45 (forty five) days | Resourceful & bonafide contractor having requisite credential for similar type of work. I. & D. | SE-I CIC. |
| 2. | Renovation of the damaged bed bar no. 9 on the rt. bank of river Ganga/Padma near Aurangabad Girls' High School in P. S. Suti, Dist. Msd. under Ganga Anti Erosion Division during '98—99. | Rs. 28,66,910/- | Rs. 20,000/- | do | do | do | do | do |
| 3. | Renovation of damaged bed bar no. 2 on the rt. bank of river Ganga/Padma at Mouza Kamalpur, P. S. & Block Samserganj, Dist. Msd. under Ganga Anti Erosion Divn. during '98—99. | Rs. 27,24,255/- | Rs, 20,000/- | do | do | do | do | do |

(Contd. P. 6)

**The following points are binding in case of issue of tender papers :**

1. Applications of any Agency by name or his Firm/Firms whose sole proprietor being the same Agency will be treated as single application.
2. Applications of different Firms have same owners/partner will also be treated as single application.
3. Mention the names of firm to which the applicant is a partner/owner.
4. Tender will be informal if N. S. C. s/K. V. Ps. Deposited as Earnest money are not pledged properly in favour of the Executive Engineer, G. A. E Division.
5. In case of Engineers Co. Opt. Societies certified copy of Audit Report for the year 1997-98 or no objection certificate from the A. R. C. S. Msd. is to be attached with the application duly attested.

Executive Engineer, Ganga Anti Erosion Division.

## কলেজ ছাত্র সংসদের নির্বাচনে দু' পক্ষেরই পাল্লা সমান

নিজস্ব সংবাদদাতা : গত ২৩ ডিসেম্বর জঙ্গিপুর কলেজ ছাত্র সংসদের নির্বাচনে দু' পক্ষই সমান সমান ভোট পায়। ছাত্র পরিষদ জোট ২১। এর মধ্যে এ ভি পি পি ১, পি এস ইউ ২। অন্যদিকে এস এফ আই ২১। নির্বাচন নিয়ে উত্তেজনা থাকলেও প্রশাসনিক ব্যবস্থা জোরদার থাকায় কোন রকমের অশান্তি মাথা চাড়া দিতে পারেনি।

### সাংস্কৃতিক প্রতিযোগিতায় প্রথম

সাগরদীঘি : নিখিলবঙ্গ শিক্ষক সমিতি মুর্শিদাবাদ জেলা শাখা আয়োজিত ছাত্র-ছাত্রীদের অন্তর্নিহিত নান্দনিক বিকাশের লক্ষ্যে বহরমপুর শহরে গত ১৫ নভেম্বর এক আবৃত্তি প্রতিযোগিতা হয়। সাগরদীঘি হাই স্কুলের ছাত্র নীহাররঞ্জন দত্ত গ বিভাগে প্রথম স্থান ও মৌমিতা দত্ত ক বিভাগে প্রথম স্থান পেয়ে পুরস্কৃত হয়।

CENTURY'S
VISHWAKARMA
আপনার স্বপ্নের বাড়ি তৈরী করতে ব্যবহার করুন ....
Century Cement
THE COMPLETE CEMENT
সেঞ্চুরী সিমেন্ট একটি সম্পূর্ণ সিমেন্ট
Lookad

### অনুমোদন করিয়ে নিলেন সুচতুর পুরপতি ( ৪র্থ পৃষ্ঠার পর )

পুরসভা সারফেস ওয়াটারকে পানীয় জল হিসাবে গ্রহণ করছে তার সবিস্তার ব্যাখ্যা তিনি করেননি। এ ছাড়া গভীর নলকূপের জলে যদি কোথাও আর্সেনিক পাওয়া যায়, তাও কেমিক্যাল দিয়ে পরিস্রুত করাও যায় বলে শ্রীকুণ্ডু জানান। আর ১৯৮০-৮২ সালে রঘুনাথগঞ্জে মাটির নীচে যে কাষ্ট আইরনের জলের পাইপ বসানো হয়েছে তার খুব একটা ক্ষতি কিছু হবে না, হলেও তা মেরামত করা যাবে। তবে ৮২ সালে জল প্রকল্পের সময় যে প্রোজেক্ট তৈরী করা হয় তাতে রঘুনাথগঞ্জে আগামী ৩০ বছরে অর্থাৎ ২০১১ সালে ২৬ হাজার জনসংখ্যা ধরা থাকলেও তা ১৯৯১-এর সেন্সাসেই ৩৭ হাজার হয়ে গেছে, তাই বর্তমানে প্রকল্প রচনার ক্ষেত্রে বাস্তবে কিছু গড়মিল থাকতেই পারে বলে শ্রীকুণ্ডু মনে করেন। কিন্তু ৮২ সালের তুলনায় জঙ্গিপুরে ৯৬ সালে যখন পাইপ লাইন দিয়ে পরিস্রুত জল প্রকল্পের উদ্বোধন হ'ল তখন সেখানকার জনসংখ্যা কিরূপ ছিল তার সঠিক ব্যাখ্যা শ্রীকুণ্ডু দিতে পারেননি। পুরপিতা জানান ৬-৭ লক্ষ টাকা ব্যয়ে তিন মাসের মধ্যে রঘুনাথগঞ্জে গভীর নলকূপ প্রকল্প চালু করা যাবে। এ ছাড়া ফাঁসীতলা এলাকা থেকে শহরের বাকী অংশে নতুন পাইপ লাইনের কাজ করতে ৬৪ হাজার টাকার ব্যয় ধরা হয়েছে।

### হাজারদুয়ারী উৎসব '৯৮ (২য় পৃষ্ঠার পর)

তাদের নির্ধারিত কুড়ি মিনিট অনুষ্ঠান করতে আহ্বান করেন ডি. আই. সি. ও মালবিকা গোস্বামী। এরা ছাড়া বহরমপুরের একজন শিল্পী অভিজিৎ সরকার আবৃত্তি করেন। পরে বহরমপুরের একটি নাচের স্কুল থেকেও অনুষ্ঠান করা হয়। অথচ এতজন শিল্পীকে টিফিন তো দূরের কথা এক কাপ চা পর্যন্ত দেওয়া হয় না। এদিকে নাকি এই অনুষ্ঠানের বাজেট সাত লক্ষ টাকা। শিল্পীদের আমন্ত্রণ জানিয়েও এভাবে অপমান ও হেনস্থা করা হল কেন এ প্রশ্ন দেবাশিসবাবুসহ অন্যান্য শিল্পীদের।

### জেলা পুলিশ প্রশাসক ( ২য় পৃষ্ঠার পর )

বিদ্যালয়ের সুবর্ণ জয়ন্তী উৎসবের উদ্বোধন করেন। সে সময় বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষাকর্মী ও শুভানুধ্যায়ীরা বিদ্যালয়ের গৃহ সমস্যা সমাধানের ব্যাপারে কিছুটা উদ্যোগী হন। বিদ্যালয়ের প্রাক্তন ছাত্র-ছাত্রীদের কাছ থেকে অর্থ সংগ্রহ শুরু হয়। কিন্তু ঐ সীমিত অর্থে কাজে হাত দেওয়া সম্ভব হয় না। এই সময় রঘুনাথগঞ্জ থানার ওসি দিলীপকুমার হাজরা সহযোগিতার হাত বাড়িয়ে দেন। তাঁর উৎসাহ ও সক্রিয় সহযোগিতায় বিদ্যালয়ের হায়ার সেকেণ্ডারী ব্লকের দোতলার বারান্দাসহ দুটি ঘর, পুরোনো দুটি বড় ঘরের বারান্দা, দোতলার পুরো রেলিং ও সিঁড়িঘর নির্মাণ করা সম্ভব হয়। এই নির্মাণ কাজে বিদ্যালয় কর্তৃপক্ষ শুধুমাত্র সিমেন্ট, রড ও মিস্ত্রী খরচ বহন করে বলে জানা যায়।

### গ্রাম পঞ্চায়েতে সব কাজ বন্ধ ( ১ম পৃষ্ঠার পর )

পারছি না বা কোন কাজে হাত দিতে পারছি না। কংগ্রেসের উপ-প্রধান সামশুল হোদা আমাদের সংবাদদাতার কাছে অভিযোগ করেন—আমরা পঞ্চায়েতের সভা ডেকে এই পরিস্থিতির কথা মানুষকে জানাব। দরকার হলে বিডিও অফিসে ধরনা দেব বা অনশনে বসবো।

### তিন পাচারকারীকেই ছেড়ে দিল ( ১ম পৃষ্ঠার পর )

হয়ে অনেক পাকিস্থানী গুপ্তচর এই পথ দিয়ে ভারতে প্রবেশ করছে। এবং মাঝে বন্ধ হয়ে যাওয়া চোরা চালান কাষ্টমসের মদতে আবার মাথা চাড়া দিয়ে উঠেছে। এ ব্যাপারে পূর্ণাঙ্গ তদন্ত দাবী করছেন ধুলিয়ানবাসী।

দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন, চাউলপট্টি, পোঃ রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ ) পিন ৭৪২২২৫ হইতে সত্বাধিকারী অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।